দৈনিক ইনকিলাব

তারিখ 07 JUN 2008
পৃষ্ঠা ৫ কলাম ৩

# মাধ্যমিক স্তরে শূন্যপদ পদোন্নতির মাধ্যমে জটিলতা নিরসন করুন

## —মাধ্যমিক শিক্ষক সমিতি

**স্টাফ রিপোর্টার ঃ** সরকারী মাধ্যমিক স্তরের সব শূন্যপদে পদোন্নতির মাধ্যমে পূরণের ক্ষেত্রে সৃষ্ট জটিলতা দ্রুত নিরসনে সরকারে সহযোগিতা কামনা করেছে বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি। সেই সাথে ২০০৪ সালের ২৫ অক্টোবর প্রকাশিত গেজেটে বৈষম্যমূলক নিয়োগ বিধি সংশোধনের জন্যও সরকারের কাছে জোর দাবী জানানো হয়। গত শুক্রবার সমিতির কেন্দ্রীয় কমিটির এক বিশেষ জরুরী সভায় এসব দাবী জানানো হয়। সমিতির সভাপতি রেহানা খানমের সভাপতিত্বে ঢাকার লালমাটিয়ার লাগুন রেস্টুরেন্টে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সমিতির মহাসচিব এমারত হোসেন মিয়া, যুগ্ম মহাসচিব মোরশেদ সরকার রানা, সাংগঠনিক সম্পাদক এ টি এম রুহুল্লাহ, কেন্দ্রীয় সহ-সভাপতি এ কে এম মোস্তফা কামাল, মঞ্জুর আহমেদ, সৈয়দ হাফিজুল ইসলাম, বিলকিস সালাম, আজিজ উদ্দিন প্রমুখসহ সকল অঞ্চলের সভাপতি ও সম্পাদক এবং কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

সভায় মাধ্যমিক শিক্ষার মানোন্নয়নে সমিতির ভূমিকা অব্যাহত রাখা। আগামী ৫ জুন বিশ্ব পরিবেশ দিবসে বিদ্যালয়সমূহের আঙ্গীনায় পরিবেশ বান্ধব বৃক্ষ রোপণ, শিক্ষার্থীদের এ ব্যাপারে উদ্বুদ্ধ করাসহ পেশাগত বিভিন্ন দাবী-দাওয়া আদায়ের লক্ষ্যে ৫টি উপ-কমিটি গঠন করা হয়। অনুষ্ঠানে সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের দাবী-দাওয়া আদায়ে প্রয়োজনে আইনী সহায়তা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।